আনন্দময়ীর আগমনে

## শিবদুর্গা বস্ত্রালয়

**রঘুনাথগঞ্জ তুলসীবিহার বাটীর উত্তর দরজা**

গ্রাহকগণের সুবিধার্থে মিল ও তাঁতের নানাবিধ ধুতি, শাড়ী, সার্টিং ও কোটিং আমদানী করা হয়েছে। আমাদের দোকানে আসিয়া সুলভে জিনিস ক্রয় করুন।

প্রোঃ—শিবদুর্গা বস্ত্রালয়

Registered No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

**পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ**

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৮শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১লা কার্ত্তিক বুধবার ১৩৬৮ ইংরাজী 18th Oct 1961 { ২৩শ সংখ্যা।



সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Serv( )

## রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




## খাস জনতা

কেরোসিন কুকার

রন্ধন ভাবনা ও নিপুণতা আবার।

প্রস্তুতকারক:

দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

KALPANA O. P.

**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২.২৫ নঃ পঃ, নগদ মূল্য ০৬ নঃ পঃ। বিজ্ঞাপনের হার প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

বিনীত—শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

### ওয়েষ্ট বেঙ্গল বুক-বাইণ্ডিং হল

এখানে সকল প্রকার বই ও খাতা সুলভে বাঁধান হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীজি, সি, ঘোষ, রঘুনাথগঞ্জ।

## শারদীয়া মহাপূজার অবকাশ

'জঙ্গিপুর সংবাদে'র গ্রাহক, পাঠক ও বিজ্ঞাপন-দাতাগণের নিকট আমাদের বিনীত নিবেদন—আমরা বর্ত্তমানে আমাদের প্রাপ্য দুই সপ্তাহের অবকাশ না লইয়া সময়ান্তরে গ্রহণ করিব।

সম্পাদক—'জঙ্গিপুর সংবাদ'

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১লা কার্ত্তিক বুধবার সন ১৩৬৮ সাল।

## মায়ের আদালতে আপীল



( ৺ রামগোপাল দাস )

( তারা কোন্ অপরাধে·· সুরে ;

আর কত দিন আমারে, ভব কারাগারে,
কয়েদ ক'রে রাখবি জননি !

মোহ লৌহ-শৃঙ্খল সংযোগ করি,
বন্দী করলি আমায় দিয়ে মায়া বেড়ী,
এযে বিষম ভারী, আর যে বইতে নারি,
তার উপরে দিলি খাটুনি।

ক্ষুধা তৃষ্ণা দুজন প্রবল প্রহরী,
তাদের জ্বালায় আমি সদা জ্বলে মরি,
দণ্ডে দণ্ডে তারা করে হুকুম জারী,
মানে না দিবা রজনী।

আপীল দাখিল করলাম মা তোর দরবারে,
ক্লেশ পেয়েছি বড় পেশ করাবার তরে,
রাখ্‌লি আমার আপীল নথীর সামীল ক'রে,
হলো না আজও শুনানি।

ক্ষিত্যপ্ তেজোমরুৎব্যোম পঞ্চ জন,
এই পঞ্চে তুমি করিয়ে চেতন,
আমার এ দেহ তুমি করলে সৃজন,
আমি কিসে দোষী তাই শুনি।

মা যদি তুই না করিস সুবিচার,
করেছে রামগোপাল এই যুক্তি সার,
শরণাগত সে হবে বিমাতার
তিনি তো পতিতপাবনী।

---

### জঙ্গিপুর সদর খেয়াঘাটে
## নৌকাডুবি

গত ৬ই অক্টোবর শুক্রবার সন্ধ্যার প্রাক্কালে ( বেলা ৫-১৫ মিনিটের সময় ) জঙ্গিপুর খেয়াঘাটের একখানি যাত্রীপূর্ণ নৌকা জঙ্গিপুরের পারে ডুবিয়া যায়। ঐ নৌকাখানিতে অতিরিক্ত যাত্রী বোঝাই ছিল বলিয়া প্রকাশ। ভরা নদীতে অতিরিক্ত যাত্রী লওয়া যে কত বিপজ্জনক তা ইজারদার কি জানেন না ? না ইহা careful carelessness ? শুনা যায় মিউনিসিপ্যাল কবুলিয়তে লিখিত মত সাইজের নৌকা বর্ত্তমানে ঘাটে নাই। ভরা নদীতে তিনজন মাঝি রাখার নিয়ম কিন্তু দুইজনের বেশী দেখা যায় না। মিউনিসিপ্যাল কর্ত্তৃপক্ষ এ বিষয়ে সম্পূর্ণ উদাসীন হইলে চলিবে না। মাঝে মাঝে ফোঁস করিতে হইবে। "লাথির ঢেঁকি চুমোয় উঠে না।"

---

## শিক্ষামূলক প্রদর্শনী

রঘুনাথগঞ্জ উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা প্রমুখ শিক্ষক শিক্ষিকা ও ছাত্রীগণের উদ্যোগে এক শিক্ষামূলক প্রদর্শনী অনুষ্ঠিত হইয়াছে। গত ৯ই অক্টোবর সোমবার জঙ্গিপুরের মহকুমা-শাসক শ্রীঅমলকৃষ্ণ গুপ্ত মহাশয় উক্ত প্রদর্শনীর দ্বারোদ্‌ঘাটন করেন। সভায় স্থানীয় গণ্যমান্য ভদ্রমহোদয়গণ উপস্থিত ছিলেন। ৯ই ও ১০ই অক্টোবর দুইদিন এই প্রদর্শনী দেখিবার জন্য অসংখ্য পুরুষ, মহিলা ও বালক বালিকাগণ আগমন করিয়াছিলেন। বিদ্যালয়ের শিক্ষা-পদ্ধতি ও শিক্ষার মান কিরূপ তাহাই বিভিন্ন বিষয়ের উপর বিভিন্ন চার্ট, হাতের কাজ, সেলাই ও মডেলের সাহায্যে প্রদর্শিত করা হয়। প্রদর্শনী ও ছাত্রীদের শৃঙ্খলা জ্ঞান ও তাহাদের বিভিন্ন চার্ট ব্যাখ্যা করিবার পদ্ধতি বিশেষ উল্লেখযোগ্য। প্রদর্শনী ক্ষুদ্র হইলেও ইহা সর্ব্বাঙ্গসুন্দর হইয়াছিল বলা চলে।

---

## এক ব্রহ্ম দ্বিতীয় নাস্তি

করিমগঞ্জের ন্যাশন্যাল সেভিংস এর অফিসার একাধারে কেরাণী, টাইপিষ্ট ও পিয়নের কাজ করিয়া থাকেন। তাঁহাকে তাঁহার এলাকাও পরিভ্রমণ করিতে হয়। সরকারের অন্যান্য কতক-গুলি অখ্যাত বিভাগে এই ব্যবস্থা চালু করিলে খরচা কম হইবে সন্দেহ নাই।

---

## পরলোকগমন

গত ২৫শে আশ্বিন বৃহস্পতিবার সকালে স্বাধীনতা সংগ্রামের বীর যোদ্ধা প্রখ্যাত শ্রমিক নেতা, অভয় আশ্রমের প্রতিষ্ঠাতা, পশ্চিমবঙ্গের প্রাক্তন মন্ত্রী ডাঃ সুরেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয় পরলোকগমন করিয়াছেন। তাঁহার বয়স ৭৬ বৎসর হইয়াছিল।

---

## পরীক্ষায় ফেল করে কাহারা ?

"যে সকল ছেলেমেয়ে শৈশবে বৃদ্ধাঙ্গুলি চোষে বা কামড়ায় পরবর্ত্তীকালে তাহারাই পরীক্ষায় বেশী ফেল করে। রয়েল মেডিকেল সোসাইটি জার্ণালের অক্টোবর সংখ্যায় দুইজন শিশু বিশেষজ্ঞ উপরোক্ত অভিমত প্রকাশ করিয়াছেন।

# বিশ্বজননী এলেন এবার নিঃস্ব জননী রূপে



স্বাধীনতা লাভের মাশুল স্বরূপ পৈতৃক সর্ব্বস্ব ফেলিয়া স্ত্রী-পুত্র-কন্যার সহিত রিক্ত হস্তে অতিরিক্ত সুখের আশায় দেশান্তরে কলোনি নামক বস্তির মধ্যে কুটিরে মাথা লুকাইতে বাধ্য হইতে হইয়াছে। নাম দীনবন্ধু চৌধুরী। ব্রাহ্মণ।

কলোনিতে কলোনিবাসীদের মা-দুর্গা পূজার আয়োজন হইয়াছে। রাত্রিদিন গান বাজনা মাইকের লারে লাপ্পা গানের ব্যবস্থা হইবে তাহার আয়োজনের ত্রুটি নাই। সদম্ভে সক্ষম অক্ষম সকলের নিকট চাঁদা আদায়ের কড়া জুলুম চলিতেছে। কয়েক বৎসর ধরিয়া যেমন চলিয়াছে এবারও তাহার কোনও অঙ্গহানি হইবে না। মহাপূজার ব্যয় আদায়ীকৃত টাকার সামান্য অংশ আর আমোদ আহ্লাদ ও আলো রোসনাইএর ব্যবস্থা রাজা মহারাজাদের হার মানাবার মত।

চৌধুরী মহাশয়ের এই পূজায় মন বসিল না। তিনি তাঁহারই মত উদ্বাস্তু তাঁহার কুল-পুরোহিত তর্করত্ন মহাশয়ের নিকট গিয়া বলিলেন—চলুন আমাদের পূর্ব্বাপূর্ব্ব বৎসরের ন্যায় বন-মাঝে নির্জ্জনে বসিয়া পাষাণের বেটী পাষাণীর পূজা করা যাবে। এবার দাদা, স্নানীয়, পানীয় আর আচমনীয় গঙ্গোদকম্ ছাড়া আর কোন বস্তুর অনুকল্পে গঙ্গাজল দিয়া বেটীর সঙ্গে প্রবঞ্চনা করা হবে না। বরং কোনও দ্রব্য নিবেদন করিব না, সেও আচ্ছা, যা নাই তারই বদলে জল ছিটানো ছাড়তে হবে। কোন জিনিসের বদলে অন্য কোনও জিনিস দেওয়া চলে নাকি?

তর্করত্ন মহাশয় বলিলেন—আমরা যেমন মুগের ডাল না পেলে কলাই ডাল খাই তেমনি মাকে আমাদের অবস্থানুরূপ উপকরণ দিয়ে পূজা করবো। জানেন তো—

মধ্বাভাবে গুড়ং দদ্যাৎ
ঘৃতাভাবে তু তৈলকং।
যবার্থে গোধুং দদ্যাৎ
মুগার্থে তু মাষকম্॥

মধুর অভাবে গুড়, ঘৃতের অভাবে তৈল, যবের অভাবে গম ও মুগের অভাবে মাষকলাই দিলে বিত্তশাঠ্য অপরাধ হয় না। সব দ্রব্যের অভাবেই গঙ্গাজল নিছক শঠতা ছাড়া কিছুই নয়।

মহালয়ার দিন চৌধুরী মহাশয় ও তর্করত্ন মহাশয় এই জল্পনা কল্পনা করিতেছেন—হঠাৎ দেখিলেন কলকল্লোলিনী মা গঙ্গা তাঁহার ভ্রাতা দামোদর, অজয়, ভগ্নী ময়ূরাক্ষী, ব্রহ্মাণী, বাঁকা প্রভৃতির সহিত একত্রে সংহার মূর্ত্তি ধারণ করিয়া দেশ প্লাবিত করিয়া উদক উৎসর্গের ফল উদকেই প্রদান করিয়া লোকের সর্ব্বস্ব ধ্বংস করিয়া দিলেন।

মা দুর্গা ইহাদের সংকল্পিত পূজারণ্যে আবির্ভূতা হইয়া বলিলেন—বৎসগণ! আমি তোমাদেরই মত কাঁদিতে কাঁদিতে আসিয়াছি। জানো বৎস! অতি দর্পে হতা লঙ্কা। বিশেষ অজ্ঞ লোক যখন বিশেষজ্ঞ হইয়া স্পর্দ্ধা করে, তখন সে দর্প এই ভাবেই চূর্ণ হয়।



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

# আমলা কেশ তৈল



(সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ,
জবাকুসুম হাউস, কলিকাতা-১২)



## সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

সাধনা ঔষধালয়ের প্রস্তুত আদর্শ দাঁতের মাজন সাধনা দশন এবং অন্যান্য ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী।
রঘুনাথগঞ্জ (সদরঘাট)



## দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১১

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার [illegible]
সর্ব্বদা সুলভ মূল্যে [illegible]

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে [illegible] হয়



আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ২৲ দুই টাকা ও মাশুলাদি ১·১৯ এক টাকা উনিশ নয়া পয়সা।

সোল এজেন্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



## শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার
ছায়াবাণী সিনেমার সম্মুখে
পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

ফটো তোলা, ফটো ওয়াশ, প্রিণ্ট ও এন্‌লার্জ করা, সিনেমা শ্লাইড তৈরী প্রভৃতি যাবতীয় কাজ এবং নানাপ্রকার ছবি ও সূচীকার্য্য সুন্দররূপে বাঁধান হয়।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।